

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/17/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো বিদ্যালয়ে বার্ষিক অগ্নি পরিদর্শন প্রক্রিয়ার উন্নতির জন্য আইন স্বাক্ষর করেছেন

যোগ্য ব্যক্তিদের মাধ্যমে অগ্নি পরিদর্শনের ব্যাপার বিল টি নিশ্চিত হবে

বিদ্যালয়ের বার্ষিক অগ্নি নিরাপত্তা প্রতিবেদন জমা দেওয়ার প্রয়োজনীয়তা জোর দেয়

কুওমো: "আমাদের শিশুদের নিরাপত্তা কে শীর্ষ অগ্রাধিকার দেয়া হবে, এবং বিদ্যালয়ের অগ্নি পরিদর্শনগুলিকে কখনও কখনও কেবল অন্য প্রশাসনিক প্রয়োজনীয়তা হিসাবে ধরা হয়, সত্যটা হচ্ছে যদি তা সঠিকভাবে না করা হয় তবে জীবন বিপন্ন হতে পারে। এই আইনটি উপযুক্ত এবং সঠিকভাবে প্রশিক্ষিত ব্যক্তিদের দ্বারা এই পরিদর্শনগুলি পরিচালনা করা নিশ্চিত করতে সহায়তা করবে, যাতে শিক্ষার্থীরা সুরক্ষিত থাকে এবং এডানোর মত দুর্ঘটনা রোধ করা যায়।"

গভর্নর অ্যাঙ্কু এম কুওমো আজ আইন (S.4663-B/A.1906-A) স্বাক্ষর করেছেন সরকারি ও বেসরকারি বিদ্যালয়ের বার্ষিক অগ্নি পরিদর্শন প্রতিবেদন পরিচালনার প্রক্রিয়াকে আধুনিকায়নের জন্য। বিলে অযোগ্য ব্যক্তিদের পরিদর্শন পরিচালনা করা থেকে নিষেধ করা হয়েছে এবং বিদ্যালয়গুলি স্থানীয় ফায়ার বিভাগ বা সার্টিফাইড অগ্নি পরিদর্শকের কাছ থেকে পরিদর্শনের জন্য অনুরোধ করা উচিত। এই বিলে বিদ্যালয়গুলিতে এই পরিদর্শনগুলির সাথে সম্পর্কিত জনসাধারণের বিস্তৃতি প্রয়োজনীয়তাগুলি পূরণে নমনীয় এবং "হোল্ড হার্মলেস" বিধানটি সরিয়ে ফেলা হবে যা পরিদর্শনকারীদের দায় থেকে বঞ্চিত হওয়ার জন্য পরিদর্শন রিপোর্টগুলিতে ভুল করেছে এমন পরিদর্শকগণকে মঞ্জুরি দান করে।

"আমাদের শিশুদের নিরাপত্তা কে শীর্ষ অগ্রাধিকার দেয়া হবে, এবং বিদ্যালয়ের অগ্নি পরিদর্শনগুলিকে কখনও কখনও কেবল অন্য প্রশাসনিক প্রয়োজনীয়তা হিসাবে ধরা হয়, সত্যটা হচ্ছে যদি তা সঠিকভাবে না করা হয় তবে জীবন বিপন্ন হতে পারে," **গভর্নর কুওমো বলেন।** "এই আইনটি উপযুক্ত এবং সঠিকভাবে প্রশিক্ষিত ব্যক্তিদের দ্বারা এই পরিদর্শনগুলি পরিচালনা করা নিশ্চিত করতে সহায়তা করবে, যাতে শিক্ষার্থীরা সুরক্ষিত থাকে এবং এডানোর মত দুর্ঘটনা রোধ করা যায়।"

যেখানে বর্তমান আইন অনুযায়ী বিদ্যালয়গুলোকে একটি বার্ষিক অগ্নি সুরক্ষা প্রতিবেদন জমা দিতে হয় যেখানে বিদ্যালয় ভবনসমূহ পরিদর্শন করা হয়, সেখানে যেসব বিদ্যালয় এ কাজ করতে ব্যর্থ তাদের ব্যাপারে কোন তথ্য নেই। এই বিলটি কমিশনারের বর্তমান ক্ষমতাকে পরিষ্কার করে দেয় যে একটি পাবলিক বিদ্যালয় যদি একটি পরিদর্শনের পর কোন ধরনের ঘাটতি সংশোধন করতে ব্যর্থ

হয় তাহলে পুর-সনদ অস্বীকৃত হবে। যদি কোন বেসরকারী বিদ্যালয় প্রয়োজন মেনে চলতে ব্যর্থ হয়, তাহলে কমিশনারকে পরিদর্শন করতে হবে অথবা স্থানীয় কর্তৃপক্ষের কাছে অনুরোধ করতে হবে ভবন টি পরিদর্শনের জন্য।

সেনেটর ডেভিড কার্লুচি বলেন, "স্কুলের ফায়ার ইন্সপেকশন আমাদের সন্তানদের নিরাপদ রাখে এবং আমাদের ফার্স্ট রেস্পন্ডারদের কে রক্ষা করে। আমাদের নতুন আইন পরিদর্শন জোরদার করবে যে তা যোগ্য ব্যক্তিদের দ্বারা সময়মত করা হচ্ছে যারা সমস্যা সংশোধন করা না হলে দায়ী থাকবে। এই বিলটি কে আইনে স্বাক্ষর করে প্রথমে বিদ্যালয়ের শিশু ও কর্মীদের নিরাপত্তা দেওয়ার জন্য গভর্নর কুউমো কে ধন্যবাদ।"

সংসদ সদস্য কেনেথ জেরস্কি বলেন, "প্রতিটি স্কুল বিল্ডিং, পাবলিক এবং বেসরকারি, নিরাপদ এবং কোড মেনে চলতে হবে। দুর্ভাগ্যক্রমে, কয়েক দশক ধরে স্কুল পরিদর্শন সংক্রান্ত বিধিবিধানগুলি উপেক্ষিত হয়েছে, যা একটি পুরানো প্রক্রিয়াতে পরিচালিত করা হয় যেখানে কিছু বিদ্যালয় ভবনগুলি অপরিদর্শিত এবং অনিরাপদ থেকে যেতে পারে। এই বিলে জবাবদিহিতা এবং প্রইয়োগের দ্বারা, কেবলমাত্র যোগ্য ব্যক্তিদের দ্বারা প্রতিটি বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে তা নিশ্চিত করার প্রক্রিয়া রাখে। আমি গভর্নর কুউমো কে ধন্যবাদ জানাই এই জটিল সংস্কারগুলোর ব্যাপারে তার সহযোগিতার জন্য।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)